

রেজিস্টার্ড নং ডি এ-১ “জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের
জন্মশতবার্ষিকী উদ্‌যাপন সফল হোক”



অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, জানুয়ারি ২৬, ২০২১

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

প্রজ্ঞাপন

তারিখ : ১১ মাঘ ১৪২৭/২৫ জানুয়ারি ২০২১

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০১২.২০-৯৪।—স্থানীয় সরকার (পৌরসভা) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ১০(১) অনুযায়ী নির্বাচন কমিশন এতদ্বারা ১৪ জানুয়ারি ২০২১ তারিখে জারীকৃত স্মারক নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০(অংশ-১)-৪৮ মূলে স্থগিতকৃত নীলফামারী জেলার সৈয়দপুর পৌরসভার মেয়র ও ১২ নং সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের উদ্দেশ্যে মাননীয় নির্বাচন কমিশন নিম্নবর্ণিত সময়সূচি ঘোষণা করতেছেন :

(ক)	রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	০২ ফেব্রুয়ারি ২০২১ ১৯ মাঘ ১৪২৭	(মঙ্গলবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	০৪ ফেব্রুয়ারি ২০২১ ২১ মাঘ ১৪২৭	(বৃহস্পতিবার)
(গ)	প্রার্থীতা প্রত্যাহারের শেষ তারিখ	:	১১ ফেব্রুয়ারি ২০২১ ২৮ মাঘ ১৪২৭	(বৃহস্পতিবার)
(ঘ)	ভোটগ্রহণের তারিখ	:	২৮ ফেব্রুয়ারি ২০২১ ১৫ ফাল্গুন ১৪২৭	(রবিবার)

ভোটগ্রহণের সময় : সকাল ৮.০০ মি. হতে বিকাল ৪.০০ মি. পর্যন্ত

০২। উল্লিখিত সৈয়দপুর পৌরসভার স্থগিতকৃত সংরক্ষিত আসনের কাউন্সিলর ও অন্যান্য সাধারণ আসনের কাউন্সিলর পদেও ২৮ ফেব্রুয়ারি ২০২১ তারিখে নির্বাচন অনুষ্ঠানের জন্য মাননীয় নির্বাচন কমিশন সিদ্ধান্ত প্রদান করেছেন। স্থগিত নির্বাচন সম্পন্ন হলে লক্ষ্যে মেয়র ও ১২নং সাধারণ আসনের কাউন্সিলর পদে মনোনয়নপত্র দাখিলের সুযোগ প্রদানের প্রয়োজন হবে। তবে ইতঃপূর্বে কোনো প্রার্থীর মনোনয়নপত্র বৈধ বলে সাব্যস্ত হয়ে থাকলে এবং তিনি প্রার্থীতা প্রত্যাহার না করে থাকলে তাকে নতুন

(১৫৬১)

মূল্য : টাকা ৪.০০

করে মনোনয়নপত্র দাখিল করতে হবে না। মেয়র ও ১২ নং সাধারণ আসনের কাউন্সিলর পদ ব্যতীত অন্যান্য পদে নির্বাচন যে পর্যায় হতে স্থগিত করা হয়েছিল সে পর্যায় হতে বিদ্যমান প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে নির্বাচন অনুষ্ঠান প্রয়োজন হবে। উক্ত নির্বাচনটি ইলেক্ট্রনিক ভোটিং মেশিনের মাধ্যমে অনুষ্ঠিত হবে।

০৩। নির্বাচন কমিশন সচিবালয়ের স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৭৪ তারিখ: ০২ ডিসেম্বর ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত রিটার্নিং অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার বহাল থাকবেন। এছাড়া স্মারক নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৮.০২২.২০-৪৭৫ তারিখ : ০২ ডিসেম্বর ২০২০ এর মাধ্যমে নিয়োগকৃত আপিল কর্তৃপক্ষ বহাল থাকবেন।

নির্বাচন কমিশনের আদেশক্রমে

মোঃ আতিয়ার রহমান

উপসচিব

নির্বাচন পরিচালনা-২ অধিশাখা।